



গার্হস্থ্য অর্থনীতি ইউনিট, ঢাকা বিশ্ববিদ্যালয়
২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ সম্মান শ্রেণীতে

ভর্তি বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অঙ্গীভূত একটি সরকারী (গার্হস্থ্য অর্থনীতি কলেজ, আজিমপুর) এবং তিনটি বেসরকারী (১) বাংলাদেশ গার্হস্থ্য অর্থনীতি কলেজ, ১৪৬/৪ গ্রীন রোড, ঢাকা, (২) ন্যাশনাল কলেজ অব হোম ইকোনমিক্স, ৮/৫-এ, ব্লক-সি, লালমাটিয়া, ঢাকা এবং (৩) ময়মনসিংহ গার্হস্থ্য অর্থনীতি কলেজ, ২৬, সিকে ঘোষ রোড, ময়মনসিংহ) গার্হস্থ্য অর্থনীতি কলেজসমূহে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ সম্মান শ্রেণীতে ভর্তির জন্য শুধুমাত্র মহিলা শিক্ষার্থীদের নিকট থেকে ২০ সেপ্টেম্বর ২০১৬ হতে ১৯ অক্টোবর ২০১৬ দুপুর ২:০০টার মধ্যে অনলাইনে দরখাস্ত আহ্বান করা হচ্ছে। আবেদন ফিস ৫০০/- টাকা।

আবেদনকারী ২০১১ সাল থেকে ২০১৪ সাল পর্যন্ত মাধ্যমিক/সম্মান এবং শুধুমাত্র ২০১৬ সালের বাংলাদেশের যে কোন শিক্ষাবোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়/কারিগরি শিক্ষাবোর্ড/মাদ্রাসা বোর্ড/এ-লেভেল বা সমমানের বিদেশী ডিগ্রীধারী প্রার্থী দরখাস্ত করতে পারবে। প্রার্থীকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সম্মান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ প্রাপ্ত জিপিএফয়ের যোগফল ন্যূনতম ৪.০ হতে হবে। তবে কোন পরীক্ষায় জিপিএ ২.০ এর কম হলে আবেদন করা যাবে না। ভর্তি পরীক্ষা আগামী ০২ ডিসেম্বর ২০১৬ তারিখ শুক্রবার সকাল ১০:০০ টায় অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষার সময় ১ ঘণ্টা, নম্বর ১২০, পাস নম্বর ৪৮ এবং পরীক্ষা MCQ পদ্ধতিতে হবে।

মুক্তিযোদ্ধার সন্তান (নাতি-নাতনীসহ), উপজাতি, হরিজন ও দলিত সম্প্রদায়, প্রতিবন্ধী (দৃষ্টি, বাক ও শ্রবণ) ভর্তি পরীক্ষায় পাস করা সাপেক্ষে প্রচলিত নিয়ম অনুযায়ী কোটায় ভর্তি হওয়ার সুযোগ পাবে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি ওয়েবসাইটে (<http://admission.eis.du.ac.bd>) ভর্তির সাধারণ নিয়মাবলী ও ভর্তির নির্দেশিকা পাওয়া যাবে।

অধ্যাপক ড. মোঃ ইমদাদুল হক

ডিন, জীববিজ্ঞান অনুষদ

এবং সমন্বয়কারী

গার্হস্থ্য অর্থনীতি ইউনিট ভর্তি পরীক্ষা : ২০১৬-২০১৭

ঢাকা বিশ্ববিদ্যালয়।